

**৩য় জাতীয় বিতর্ক সংসদ প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং
সোসাইটির চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন**



জাতীয় বিতর্ক সংসদ কর্তৃক আয়োজিত ৩য় জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি চ্যাম্পিয়ন হয়। এ উপলক্ষে ৫ ডিসেম্বর-২০১৮, বুধবার, সকাল: ১১টায় ডিবেটিং সোসাইটির সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এর সাথে তাদের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, ডিবেটিং সোসাইটির সমন্বয়ক ও নৃ-বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সুমন কুমার মজুমদার এবং ডিবেটিং সোসাইটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও উক্ত প্রতিযোগিতায় ডিবেটর অফ দ্যা টুর্নামেন্ট হওয়ার গৌরব অর্জন করে সবুজ রায়হান এবং ডিবেটর অফ দ্যা ফাইনাল নির্বাচিত হয় মাহবুবুল আলম হাদি।